সাংবাদিক তুহিন হত্যার প্রতিবাদে দামুড়হুদায় মানববন্ধন ও প্রতিবাদ সভা

দৈনিক প্রতিদিনের কাগজ পত্রিকার স্টাফ রিপোর্টার গাজীপুরের সাংবাদিক আসাদুজ্জামান তুহিন হত্যার প্রতিবাদ ও আসামীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বেলা ১১ টার সময় উপজেলা সদরের চৌ-রাস্তার মোড়ে এই মানববন্ধন ও প্রতিবাদসভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক ৭১ টিভির জেলা প্রতিনিধি এম, এ মামুন,দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মুরশেদ বীন ফয়সাল, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারন সম্পাদক মনিরুজ্জামান সুমন, দামুড়হুদা সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, সমিতির সহ-সভাপতি মোজাম্মেল শিশির প্রমুখ।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য তাছির আহমেদ, হাবিবুর রহমান, আরিফুল ইসলাম মিলন, সদস্য এসএম সুজন, মেহেদী হাসান মিলন, খালেকুজ্জামান, হেলাল উদ্দিন, আনারুল ইসলাম, শেখ হাতেম সহ চুয়াডাঙ্গা, দামুড়হুদা ও দর্শনায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিকের উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল।

বক্তরা বলেন, সাংবাদিক আসাদুজ্জামান তুহিন হত্যাকারীদের দ্রুত বিচার আইনে বিচার করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। অন্যথায় সাংবাদিক সমাজ বৃহত্তর কঠোর আন্দোলন করতে বাধ্য হবে। এছাড়া সাংবাদিক তুহিনের পরিবারকে স্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে।